

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ
প্রকল্প পরিচালকের কার্যালয়

“বুড়িগঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীরভূমিতে পিলার স্থাপন, তীররক্ষা,
ওয়াকওয়ে ও জেটিসহ আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ (২য় পর্যায়)”
১৪১-১৪৩, বিআইডব্লিউটিএ ভবন (৬ষ্ঠ তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

নথি নং-১৮.১১.০০০০.২৬৬.১৪.০৯৬.১৮(d)/২৭৪

তারিখ : ০১ জানুয়ারী ২০১৯

জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-১৬ অনুযায়ী মূল বেতন এবং অন্যান্য স্বীকার্য ভাতাদিসহ সর্বসাকুল্যে মাসিক বেতন ১৭,০৪৫/- (সতের হাজার পঁয়তাল্লিশ) টাকায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ, প্রকৌশল বিভাগের আওতায় “বুড়িগঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীরভূমিতে পিলার স্থাপন, তীররক্ষা, ওয়াকওয়ে ও জেটিসহ আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের অধীনে নিম্নবর্ণিত ব্যক্তিকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প চলাকালীন সময়ের জন্য “অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর” পদে নিয়োগ প্রদান করা হলো।

ক্রমিক নং	নাম ও পিতার নাম	প্রকল্পের নাম
০১	মোঃ শুক্কুর আলী পিতা- মোঃ আব্দুর রশিদ	“বুড়িগঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীরভূমিতে পিলার স্থাপন, তীররক্ষা, ওয়াকওয়ে ও জেটিসহ আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্প।

- এ নিয়োগ আদেশের সাথে “বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের” নিয়মিত নিয়োগের কোন সম্পর্ক থাকবে না। কর্তৃপক্ষের চাকুরীতে কোনরূপ স্থায়ী বা নিয়মিত করার অধিকার থাকবে না।
- এ নিয়োগাদেশ জারীর ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে প্রকল্প পরিচালকের দপ্তরে যোগদান করবেন।
- নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।
- বর্ণিত প্রকল্পে প্রকল্প চলাকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প সমাপ্তি পর্যন্ত চাকুরী বহাল থাকবে। তবে প্রয়োজনে প্রকল্প সমাপ্তির পূর্বে কর্তৃপক্ষের ও সরকারি বিধি বিধানের আলোকে প্রকল্প পরিচালক তাকে কাজ হতে অব্যহতি দিতে পারবেন।
- এ নিয়োগ পত্রই চাকুরী অব্যহতি পত্র হিসেবে গণ্য করা হবে। প্রকল্প শেষে অব্যহতির বিষয়ে নতুন করে কোন অব্যহতি পত্র প্রদান করা হবে না।
- প্রকল্প সংক্রান্ত সরকারি নিয়ম-কানুন প্রযোজ্য হবে।
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নিয়োগাদেশ জারী করা হলো।

মোঃ নূরুল আলম (যুগ্ম সচিব)
সদস্য (অর্থ), বাঅনৌপক, ঢাকা

ও
প্রকল্প পরিচালক